



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৩.১৭.৩১৪

তারিখ: ২৩ ডিসেম্বর, ২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ২০২১-২২ শিক্ষাবর্ষে ১ম পর্বে ভর্তিচ্ছুক Non-Science শিক্ষার্থীদের জন্য প্রণীত Remedial Course এর পরীক্ষা আগামী ০৪ ফেব্রুয়ারি, ২০২২ রোজ শুক্রবার, সকাল ১০:০০ ঘটিকায় বোর্ড নির্ধারিত কেন্দ্রসমূহে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস করতঃ অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের Remedial Course সংক্রান্ত নীতিমালা অনুযায়ী বোর্ড নির্ধারিত কেন্দ্রে যথাসময়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট কেন্দ্র হতে অবহিত হওয়া যাবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে। পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্ত সময়সূচী মোতাবেক গ্রহণ করা হবে।

ক্রম	কার্যক্রম	সময়কাল
০১.	রেজিস্ট্রেশনের সময়সীমা	০৩-০১-২০২২ থেকে ২৭-০১-২০২২
০২.	পরীক্ষা গ্রহণের তারিখ	০৪-০২-২০২২
০৩.	ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ	০৮-০২-২০২২

পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি নিম্নে দেয়া হলোঃ

১.০ Remedial Course এর নিবন্ধনঃ

- ১.১ রেজিস্ট্রেশন শাখা হতে প্রকাশিত বিজ্ঞপ্তির নির্দেশনা অনুসারে রেজিস্ট্রেশন ফি পরিশোধসহ রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- ১.২ রেজিস্ট্রেশন কার্ডই পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। তবে পরীক্ষার সময় এসএসসি এর রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।
- ১.৩ রেজিস্ট্রেশনের সময় যে কেন্দ্রকে নির্বাচন করা হবে পরীক্ষার্থীকে সে কেন্দ্রেই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২.০ Remedial Course এর পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় ফিঃ

- ২.১ Remedial Course এর পরীক্ষার ফি ২০০ (দুইশত) টাকা;
- ২.২ শিক্ষার্থীরা আবেদনের সময় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে এই পরীক্ষার রেজিস্ট্রেশন ফি পরিশোধ করতে পারবে।

৩.০ পরীক্ষার সময়, প্রশ্নের ধরণ ও মানবন্টনঃ

- ৩.১ Remedial Course এর নীতিমালা মোতাবেক প্রকাশিত সিলেবাস অনুযায়ী ৫০ নম্বরের গণিত এবং ৫০ নম্বরের পদার্থ বিজ্ঞান বিষয়ের, মোট ১০০ নম্বরের ১০০টি MCQ প্রশ্নের পরীক্ষা ০১ ঘণ্টা সময়ের মধ্যে অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রশ্নপত্র সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে Online এ প্রেরণ করা হবে। কেন্দ্র প্রশ্নপত্র মুদ্রণ করে বোর্ড নির্ধারিত সেট কোড অনুযায়ী পরীক্ষা যথাসময়ে গ্রহণ করবে;
- ৩.২ এ পরীক্ষায় পৃথকভাবে প্রতি বিষয়ে কমপক্ষে ২০ নম্বর পেয়ে মোট ৪০ নম্বর পেয়ে উত্তীর্ণ হতে হবে।

৪.০ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে Non-Science শিক্ষার্থীদের ২০২১-২২ শিক্ষাবর্ষে ১ম পর্বে ভর্তির আবেদনের যোগ্যতাঃ

- ৪.১ Remedial Course এ উত্তীর্ণ হতে হবে;
- ৪.২ সরকারি প্রতিষ্ঠানঃ এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ-
 - ৪.২.১ ছাত্রদের ক্ষেত্রে সাধারণ গণিতে জিপি ৩.০০ সহ ন্যূনতম জিপিএ ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা;
 - ৪.২.২ ছাত্রীদের ক্ষেত্রে সাধারণ গণিতে জিপি ৩.০০ সহ ন্যূনতম জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা;
- ৪.৩ বেসরকারি প্রতিষ্ঠানঃ এসএসসি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা।

২২/১২/২১
২৩/১২/২১
(প্রকৌঃ মোঃ আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৩.১৭.৩১৪ (১৭)

তারিখ: ২৩ ডিসেম্বর, ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)]

২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

৩. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।

৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৫. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।

৬. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/
গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট,

৭. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সংশ্লিষ্ট সকল।

৮. অধ্যক্ষ/পরিচালক, সংশ্লিষ্ট সকল বেসরকারি প্রতিষ্ঠান।

৯. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১০. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ করাসহ উল্লেখিত তারিখসমূহে
Online কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।

১২. কারিকুলাম বিশেষজ্ঞ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।


১৩. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- বিতরণ/ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৫. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৬. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৭. নথি।

 26/12/2021

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোন: ০২-৫৫০০৬৫৩১